**Class – 3**

**Subject – 2nd Language Bengali**

**Chapter – অনুচ্ছেদ (Paragraph)**

## Answer Sheet

1. **উৎসব বিষয়ক একটি অনুচ্ছেদ বা Paragraph লেখো নিজের ভাষায় ।**
   **যেমনঃ – সরস্বতী পূজা**

## সরস্বতী পূজা

দেবী সরস্বতী হলেন বিদ্যার দেবী । মাঘ মাসের পঞ্চমী তিথিতে এই পূজা হয় ।দেবী সরস্বতীর কাছে সব ছাত্রছাত্রী বিদ্যালাভের জন্য প্রার্থনা করে । দেবী সরস্বতীর গায়ের রঙ সাদা । তিনি শ্বেতপদ্মের উপর বসে থাকেন। দেবীর বাহন রাজহাঁসও সাদা । দেবীর এক হাতে থাকে বীণা, অপর হাতে বই । এই কারণে দেবীর আর এক নাম হল শুভ্রা । সরস্বতী পূজায় শিশু ও কিশোর-কিশোরীদের আনন্দের সীমা থাকে না ।প্রতিটি স্কুল ও অধিকাংশ বাড়িতে পূজার আয়োজন করা হয়। পূজার দিন ছেলেমেয়েরা খুব ভোরে উঠে স্নান করে পূজার আয়োজন শুরু করে দেয় । কেউ ফুল তোলে, কেউ ফল কাটে, কেউ ঠাকুর সাজায় । পুরোহিত মশাই পুজো করেন । উপবাস থেকে ছেলেমেয়েরা ভক্তিভরে দেবীর পায়ে অঞ্জলি দেয় । অনেক স্কুলেই খাওয়া-দাওয়ার আয়োজন করা হয়। দিনটা বেশ আনন্দে কেটে যায় । পরের দিন সকালে দধিকর্মা ও বিকেলে প্রতিমা বিসর্জন দেওয়া হয়।।

*****

**2. ঋতু বিষয়ক একটি অনুচ্ছেদ বা Paragraph লেখো নিজের ভাষায় ।**
**যেমনঃ – বর্ষাকাল**

## বর্ষাকাল

আমাদের দেশে ছয়টি ঋতুর মধ্যে বর্ষা হল দ্বিতীয় ঋতু । গ্রীষ্মের পরেই আসে বর্ষাকাল। আষাঢ়-শ্রাবণ এই দুটি মাস বর্ষাকাল । এই সময় আকাশ কালো মেঘে ঢাকা থাকে, ঘন ঘন বিদ্যুৎ চমকায়, ঝম্‌ঝম্‌ করে বৃষ্টি পড়ে, মেঘের গর্জন শোনা যায় । নদী-নালা, খাল-বিল, পুকুর-ডোবা জলে ভরে ওঠে । কখনও কখনও হাল্কা রোদও ওঠে। রাস্তাঘাটে এ সময়ে প্রায়ই জল জমে যায় । গ্রামের পথে কাদা হয় । তবে গাছগুলি এই সময় সবুজ পাতায় ভরে ওঠে । কদম, কেতকী, জুঁই প্রভৃতি ফুল এ সময় ফোটে । আমাদের দেশে বর্ষার সময় চাষের কাজ বেশি হয় । সারা বছরের জলের যোগান বর্ষাকালই দিয়ে থাকে । বর্ষাকালে নিচু জায়গায় বৃষ্টির জল জমে যায় । আর তা থেকে মশা, মাছি প্রভৃতি জন্মায় এবং নানা রকম রোগ দেখা দেয় । আমাশা, টাইফয়েড, ম্যালেরিয়া প্রভৃতি রোগ এই সময় বেশি হয় । বর্ষাকালে বেশি বৃষ্টি হলে বন্যা হয় । বন্যার জলে মাঠ-ঘাট ডুবে যায়, বহু বাড়ি-ঘর ভেসে যায় । বর্ষা আমাদের কিছু ক্ষতি করলেও উপকার বেশি করে । বর্ষা আমাদের অতি প্রয়োজনীয় একটি ঋতু।

**********